

দেখ্‌সে এক সোনার মানুষ এল ।

মানুষ কোন্ দেশেতে ছিল, মানুষ কোন্ দেশেতে ছিল,

মানুষ কোন দেশেতে ছিল ॥

১। নব ভাবে ভাবের মানুষ, ভাবেতে বোঝা গেল ।

ও তার নাই কোন রোষ, সদায় সন্তোষ,

মুখে বলে হরি বল্ বল,

মুখে বলে হরি বল্ বল, মুখে হরি বল্ বল ॥

২। কি ধনেরই তরে, মানুষ এ ভাব ধরিল ।

চক্ষে বারিধারা মাতোয়ারা, সে যে প্রেমরসে ভাসিল,

সে যে প্রেমরসে ভাসিল, সে যে প্রেমরসে ভাসিল ॥

৩। বলে বল হরিবোল, দিচ্ছেরে কোল ব্রাহ্মণ কি চণ্ডাল ।

জীবের তরে ঘরে ঘরে, বলে মধুর হরি নাম বল ।

বলে মধুর হরি নাম বল, বলে মধুর হরি নাম বল ॥

৪। পাগল করা প্রেমের ছবি, যে জন দেখিল,

সে যে কুল-মান ছেড়ে দিয়ে, রূপে মন-প্রাণ মজা'ল ॥

রূপে মন-প্রাণ মজা'ল, রূপে মন-প্রাণ মজা'ল ॥

৫। গুরুচাঁদ সেই প্রেমের মানুষ, হরির নাম দিয়ে মাতা'ল ।

বোকা অমৃত মাতিল নারে, ও তার বৃথায় জনম গেল,

ও তার বৃথায় জনম গেল, ও তার বৃথায় জনম গেল ॥

—অমৃতলাল মিস্ত্রী

